অনলাইন প্রেসক্লাবের নতুন কমিটিকে কেন্দ্রীয় আ.লীগ নেতা ডনের ফুলেল শুভেচ্ছা

চেম্বার ডেস্ক::

সিলেট অনলাইন প্রেসক্লাবের নবনির্বাচিত কমিটির সভাপতি মুহিত চৌধুরী ও সাধারণ সম্পাদক মকসুদ আহমদ মকসুদ সহ কার্যনির্বাহী কমিটির সকল সদস্যকে ফুল দিয়ে শুভেচ্ছা জানিয়েছেন বাংলাদেশ আওয়ামী লীগ কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটির সদস্য আজিজুস সামাদ ডন। বুধবার সন্ধ্যায় সিলেট অনলাইন প্রেসক্লাব কার্যালয়ে ফুলেল শুভেচ্ছা ও অভিনন্দন জানান তিনি।

এসময় আজিজুস সামাদ ডন বলেন, আমার বাবা প্রয়াত জাতীয় নেতা আব্দুস সামাদ আজাদ ছিলেন সাংবাদিক-বান্ধব। সাংবাদিকরা সবসময় আমার বাবার পাশে ছিলেন। আর আজ আমি এ পর্যায়ে আসার পেছনে গুরুত্বপূর্ণ অবদান রেখেছেন সাংবাদিকরা। আমি ও আমার পরিবার সবসময়ই সাংবাদিকদের কাছে ঋণী ও কৃতজ্ঞ।

তিনি আরও বলেন, আমি মনে প্রাণে বিশ্বাস করি সিলেটের সাংবাদিকতার ঐতিহ্য অক্ষুণ্ন থাকবে। সিলেটের সাংবাদিকদের মধ্যে যে সৌহাদ্যপূর্ণ সম্পর্ক ছিল তা আরও সুদৃঢ় হবে। নতুন কমিটি সিলেট অনলাইন প্রেসক্লাবকে উত্তরোত্তর সমৃদ্ধির পথে এগিয়ে নিয়ে যাবে।

আজিজুস সামাদ ডনকে স্বাগত জানিয়ে বক্তব্য রাখেন সিলেট অনলাইন প্রেসক্লাবে সভাপতি মুহিত চৌধুরীর সাধারণ সম্পাদক মকসুদ আহমদ মকসুদ।

এসময় উপস্থিত ছিলেন সহ-সভাপতি গোলজার আহমদ হেলাল, সহ-সাধারণ সম্পাদক তাওহীদুল ইসলাম, কোষাধ্যক্ষ আব্দুল মুহিত দিদার, তথ্য ও প্রযুক্তি সম্পাদক কে.এ রহিম,পাঠাগার ও প্রকাশনা সম্পাদক মবরুর আহমদ সাজু, ক্রীড়া ও সংস্কৃতি সম্পাদক জহিরুল ইসলাম মিশু,নির্বাহী সদস্য আশিষ দে,মাহমুদ হোসেন খান সাইফুল ইসলাম। ক্লাব সদস্যদের মধ্যে আরো উপস্থিত ছিলেন, আফরোজ খান, সেলিম আহমদ, মাজহারুল ইসলাম সাদি, মো: জসিম উদ্দিন, আব্দুল হাসিব, আবু জাবের, কামরুজ্জামান,আলমগীর হোসেন,হেনা মমো।